বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, কুমিল্লা
www.bgdcl.gov.bd

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৫৯

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ-১৩০২

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর প্রধান কার্যালয় ও অন্যান্য স্থাপনা হতে কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্টে প্রেরিত অফিস **আসবাবপত্র ও সরঞ্জামাদির** অধিযাচন/চাহিদাপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ঐ সমস্ত ব্যবহৃত আসবাবপত্র ও সরঞ্জামাদি প্রকৃতপক্ষে ব্যবহারযোগ্য, মেরামতযোগ্য অথবা কনডেমযোগ্য কি-না তা যথাযথভাবে যাচাই-বাছাইয়ের প্রয়োজনীয়তা রয়েছে।

এ পরিপ্রেক্ষিতে, অফিস আসবাবপত্র ও সরঞ্জামাদি ক্রয়, প্রতিস্থাপন ও অপসারণের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং পুরাতন/অকেজো আসবাবপত্র ও সরঞ্জামাদির যথাযথ মূল্যায়নের লক্ষ্যে উক্ত সরঞ্জামাদির ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেম/নিলামযোগ্যতা নিরূপণ করার জন্য নিম্নবর্ণিত পদধারী কর্মকর্তাদের সমন্বয়ে একটি **স্থায়ী কনডেমনেশন কমিটি** গঠন করা হলো:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক নম্বর	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান
১।	উপমহাব্যবস্থাপক, (কমন সার্ভিসেস এন্ড প্রটোকল) কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা। **প্রতিকল্প:** উপমহাব্যবস্থাপক (সেফটি এন্ড সিকিউরিটি) সেফটি এন্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	আহবায়ক
২।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক, সাধারণ ম্যাটেরিয়ালস/বৈদেশিক ম্যাটেরিয়ালস শাখা ভান্ডার ডিপার্টমেন্ট, বিজিডিসিএস, কুমিল্লা।	সদস্য
৩।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক, স্থানীয় ক্রয় শাখা ক্রয় ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৪।	ব্যবস্থাপক/উপব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক সার্ভিস প্রটোকল এন্ড হাউজ কিপিং শাখা কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট, বিজিডিসিএল, কুমিল্লা।	সদস্য
৫।	সংশ্লিষ্ট ব্যবহারকারী/ইনডেন্টিং ডিপার্টমেন্টের প্রতিনিধি-উপব্যবস্থাপক বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা	সদস্য-সচিব

২। কমিটির বিবেচ্য বিষয় ও করণীয় (TOR):

ক) কমিটি বিভিন্ন দপ্তর/শাখার পুরাতন/অকেজো অফিস আসবাবপত্র ও সরঞ্জামাদি সরেজমিনে পরীক্ষা-নিরীক্ষা করে সেগুলোর ব্যবহারযোগ্যতা, মেরামতযোগ্যতা ও কনডেমযোগ্যতা নির্ধারণ করবে ;

খ) কোনো অফিস আসবাবপত্র ও সরঞ্জামাদি মেরামতের মাধ্যমে পুনরায় ব্যবহারযোগ্য হলে, কমিটি প্রয়োজনীয় মেরামত/সংস্কারের সুপারিশ করবে এবং মেরামত অর্থনৈতিকভাবে যৌক্তিক না হলে তা কনডেমযোগ্য বা স্ক্র্যাপযোগ্য হিসেবে চিহ্নিত করবে;

গ) কোনো অফিস আসবাবপত্র ও সরঞ্জামাদি কনডেমযোগ্য হিসেবে বিবেচিত হলে, কমিটি প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক তা কনডেম ঘোষণা করবে এবং স্ক্র্যাপ করার সুপারিশ করবে ;

ঘ) আসবাব ও সরঞ্জাম পরিবর্তন/প্রতিস্থাপনের ক্ষেত্রে তা কমিটির মাধ্যমে কনডেম/স্ক্র্যাপ ঘোষণা করা হয়েছে কিনা আবশ্যিকভাবে তা নিশ্চিত করতে হবে ;

ঙ) কমিটি প্রয়োজনে উপর্যুক্ত কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে মতামত ও সুপারিশ প্রদান করবে; এবং

চ) কমিটির সদস্য-সচিব এ সংশ্লিষ্ট নথি উত্থাপন করবেন এবং কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন।

৩। কনডেমনেশন কমিটির সুপারিশের আলোকে স্ট্যান্ডিং নিলাম কমিটি যথানিয়মে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে স্ক্র্যাপ মালামাল নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

৪। কমিটির চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট তথ্য প্রদানে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৫। এ আদেশ বলে এ সংক্রান্ত পূর্বের সকল অফিস আদেশ বাতিল বলে গণ্য হবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২-১০-২০২৬
নাহিদ বানী ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন)

নম্বর: ২৮.১১.০০০০.০০০.৪৪১.৯৯.০০৩৯.২৬.৫৯/১ (১০)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
২। সকল মহাব্যবস্থাপক/সচিব, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।।
৪। উপ-মহাব্যবস্থাপক, কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৫। উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), সেফটি এন্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৬। ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সাধারণ ম্যাটরিয়ালস শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৭। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), স্থানীয় ক্রয় শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৮। ব্যবস্থাপক (চলতি দায়িত্ব), সার্ভিস প্রটোকল এন্ড হাউজ কিপিং শাখা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
৯। সকল স্থাপনা প্রধান/ইনচার্জ.....।
১০। অফিস কপি।।

১২-১০-২০২৬
আপ্তাব উদ্দিন
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)